দামুড়হুদায় কর্মহীন পরিবারের বাড়িতে ভ্রাম্যমাণ ইফতার বিতরণ

দামুড়হুদায় কর্মহীন পরিবারের বাড়িতে বাড়িতে গিয়ে ভ্রাম্যমাণ ইফতার সামগ্রী পৌঁছে দিয়েছেন একদল যুবক।
জানা গেছে, দামুড়হুদা উপজেলা সদরের দশমী পাড়ার এক দল যুবক দামুড়হুদার রাকিব ফাউন্ডেশনের পরিচালক আরজু আহমেদ রাকিবে নেতৃত্ব সদর ইউনিয়নে মহামারী করোনা ভাইরাসে দিন মুজুর, ভ্যানচালক, নির্মাণ শ্রমিক ও কর্মহীন পরিবারের বাড়িতে বাড়িতে স্বাস্থ্য বিধি মেনে ভ্রাম্যমাণ ইফতার সামগ্রী’র ২’শ প্যাকেট পৌঁছে দিয়েছেন।
এ সময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক হাবিবুর রহমান হাবীব, রাকিব ফাউন্ডেশন পরিচালক আরজু আহমেদ রাকিব, দামুড়হুদা দারুস সুন্নাহ হাফিজ মাদ্রাসার হাফেজ সাফায়েত উল্লাহ্, সেলিম, মহশিন, সহেল, সহেল-২, সজিব, সবুজ, আজিজুল, মিলন, সৌরভ, মিন্টু সহ একদল যুবক।

দর্শনায় স্কুল ছাত্রীকে অপহরণের চেষ্টার অভিযাগে ইমরান গ্রেফতার

চুয়াডাঙ্গায় এক স্কুল ছাত্রীকে অপহরণের চেষ্টা চালানো হয়েছে বলে অভিযোগ উঠেছে। এঘটনায় স্কুল ছাত্রীর মা বাদি হয়ে থানায় মামলা দায়ের করে।
এ মামলার প্রধান অভিযুক্ত ইমরান নামের একজনকে গ্রেফতার করেছে পুলিশ। আজ স্কুল ছাত্রীর বয়স নির্ধারনী ডাক্তারী পরীক্ষা এবং বিজ্ঞঃ আদালতের বিচারকের নিকট ২২ ধারায় জবানবন্দি করানো হবে বলে পুলিশ জানিয়েছে।
চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া গ্রামের ১০ম শ্রেণীর ছাত্রীকে গতকাল বৃহস্পতিবার

সকালের দিকে প্রাইভেট পড়ে বাড়ি ফিরছিল। এসময় একই গ্রামের গাঙেরধার পাড়ার হাবিবুর রহমানের ছেলে ইমরান হোসেন স্কুলছাত্রীকে অপহরণের চেষ্টা চালায়।
এঘটনায় ছাত্রীর মা বাদি হয়ে দর্শনা থানায় ইমরান, তার বাবা ও দু’চাচার নামে অপহরণের অপচেষ্টার মামলা দায়ের করেন।
এ ঘটনায় পুলিশ মামলা দায়েরের পরপরই প্রধান আসামী ইমরান হোসেনকে বিকালের দিকে গ্রাম থেকে গ্রেফতার করেন। গ্রেফতারকৃত ইমরানকে আদালতে সোপর্দ করা হয়েছে। ছাত্রী দর্শনা থানায় মায়ের হফাজতে অবস্থান করছে।
মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই সুমন্ত বিশ্বাস বলেন, আজ শুক্রবার ছাত্রীর বয়স নির্ধারণী ডাক্তারী পরীক্ষার পাশাপাশি আদালতের নিকট ২২ ধারায় জবানবন্দি গ্রহণের জন্য উপস্থিত করা হবে।

কালীগঞ্জে গাছের সঙ্গে র্যাবের পিকআপের ধাক্কা, আহত ২

ঝিনাইদহ-যশোর মহাসড়কের কেয়াবাগান নামক স্থানে নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে র্যাব-৬ এর একটি পিটআপের ধাক্কায় দুই জন আহত হয়েছেন।

বৃহস্পতিবার ভোর ৬ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। এ সময় সঞ্জীব ও মিরাজ নামে দুই র্যাব সদস্য আহত হয়েছেন।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, বৃহস্পতিবার ভোরে কালীগঞ্জ উপজেলার কেয়াবাগান এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা খায় র্যাবের একটি পিকআপ।

খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে গুরুত্বর আহত অবস্থায় দুই র্যাব সদস্যকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়।

এদিকে, বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে দুর্ঘটনায় কবলিত গাড়িটি উদ্ধার করে ঝিনাইদহের দিকে নিয়ে যাওয়া হয়েছে।

করোনা পরিস্থিতিতে দর্শনা নূরানী কিণ্ডার গার্টেন মাদরাসায় চলছে শিশুদের পরীক্ষা

কোরনা পরিস্থিতিতে বিশ্বস্থমিত। প্রতিদিনই বাড়ছে মৃত্যুর মিছিল। মানুষকে ঘরে রাখতে সরকার গ্রহণ করেছে নানা উদ্যোগ। সরকারি সকল নির্দেশনা অমান্য করে শুধুমাত্র অর্থ হাতিয়ে নেয়ার উদ্দেশ্যে দর্শনার মোহাম্মদপুরে অবস্থিত নূরাণী কিণ্ডার গার্টেনে অনুষ্টিত হচ্ছে প্রথম সাময়িক পরীক্ষা। কর্তৃপক্ষের নির্দেশে অভিভাবক মহল তাদের শিশুদের নিয়ে উপস্থিত হচ্ছে পরীক্ষা কেন্দ্রে।

জানাগেছে, কোরনা পরিস্থিতিতে সরকার ১৬ মে পর্যন্ত লকডাউন ঘোষনা করেছে। মানুষকে নিরাপদে রাখতেই সরকার এ মহতি উদ্যোগ গ্রহণ করেছে। সররকারি আদেশ নিষেধ অমান্য করে দর্শনা পৌর শহরের মোহাম্মদপুরে অবস্থিত নূরাণী কিণ্ডার গার্টেন মাদরাসায় অনুষ্ঠিত হচ্ছে শিশুদের প্রথম সাময়িক পরীক্ষা। বৃহস্পতিবার সকাল ৯টার দিকে সরেজমিনে খোজনিতে গিয়ে দেখাযায় শিশু শ্রেণীর ছেলে মেয়েদের বাংলা পরীক্ষা অনুষ্টিত হচ্ছে। শিক্ষক এবং শিক্ষাথর্◌ীদের মধ্যে স্বাস্থবিধি মানার কোন বালাই নেই।

আর বাহিরে অপেক্ষা করছে অভিভাবকেরা।নৃরানী কিন্ডারগার্ডেনের প্রধান আঃ মালেক নিজের স্বার্থ হাসিল করার জন্য সকল ছাত্র ছাত্রীদের কাছ থেকে হাতিয়ে নিয়েছে ৩৫০ টাক করে। সরকারি আদেশ অমান্য করে মাদরাসায় পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় এলাকাবাসি হতবাক হয়ে পড়েছে। সূত্র আরও জানিয়েছে, প্রতিষ্ঠনটি কিণ্ডার গার্টেন পর্যায়েরর হলেও কর্তৃপক্ষ কওমি মাদরাসার দোহায় দিয়ে কোরনার মধ্যেও ক্লাস নিয়েছে। এ বিষয়ে নৃরানী কিন্ডার গার্ডেনের পিন্সিপাল আঃ মালেক বলেন আমরা এই প্রথম পরিক্ষা নিচ্ছি অভিভাপকদের কথা শুনেই আমরা পরিক্ষা নিচ্ছি সাংবাদিকদের আসার কারনেই আমরা আজ থেকে পনিক্ষা স্হগিত করে দিলাম।###

ঝিনাইদহে মাইক্রোবাস চাপায় রংমিস্ত্রী নিহত

ঝিনাইদহ শহরের কবি সুকান্ত সড়কে মাইক্রোবাসের চাপায় মিলন উদ্দিন
(৩৬) নামের এক রংমিস্ত্রী নিহত হয়েছেন।

বুধবার বিকালে ঝিনাইদহ প্রেসক্লাবের পাশে এ দুর্ঘটনা ঘটে। নিহত মিলন উদ্দিন শহরের ব্যাপারীপাড়ার আব্বাস উদ্দিন সড়কের মৃত বদর উদ্দিন খাঁ’র ছেলে।

প্রত্যক্ষদর্শী ইরান মন্ডল জানান, বিকেলে মিলন স্টেডিয়ামের পাশে রংয়ের কাজ করে টাকা নেওয়ার জন্য বসে ছিলেন। এসময় আদর্শপাড়া থেকে শহরের এইচএসএস সড়কের দিকে যাওয়া একটি মাইক্রোবাস নিয়ন্ত্রণ হারিয়ে সীমানা প্রচীরের সাথে মিলনকে চাপা দেয়। এতে তিনি ঘটনাস্থলেই নিহত হন। এ ঘটনার পর উত্তেজিত জনতা গাড়িটি ভাংচুর করে।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, মাইক্রোবাসটি আটক করা হয়েছে। তবে চালক পলাতক রয়েছে। এ ঘটনায় থানায় অপমৃত্যু মামলা হয়েছে। লাশ উদ্ধার করে সদর হাসপাতালের মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে।

ঝিনাইদহে হতদরিদ্র পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর উপহার বিতরণ

ঝিনাইদহে ১ হাজার হতদরিদ্র পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর দেওয়া উপহার বিতরণ করা হয়েছে। বুধবার সকালে সদর উপজেলার মধুহাটি ও

গান্না ইউনিয়নে এ উপহার বিতরণ করা হয়। এ উপলক্ষে সকালে ইউনিয়ন পরিষদ চত্বরে আলোচনা সভার আয়োজন করা হয়।

মধুহাটি ইউনিয়ন চত্বরে অনুষ্ঠিত আলোচনা সভায় ইউপি চেয়ারম্যান ফারুক হোসেন জুয়েল এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন।

অপরদিকে গান্না ইউনিয়ন পরিষদ চত্বরে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ইউপি চেয়ারম্যান নাসির উদ্দিন মালিতা।

সেখানেও আরও উপস্থিত ছিলেন, সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি, উপজেলা চেয়ারম্যান অ্যাড. আব্দুর রশীদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন।

আলোচনা সভা শেষে, ২ ইউনিয়নের ১ হাজার হতদরিদ্র পরিবারের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার ৫’শ টাকা করে বিতরণ করা হয়। করোনাকালে প্রধানমন্ত্রীর দেওয়া এ উপহার পেয়ে খুশি হতদরিদ্ররা।

ঝিনাইদহে অসহায়ের দায়িত্ব নিলেন কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি

কেন্দ্রীয় ছাত্রলীগের পক্ষ থেকে ঝিনাইদহের অদম্য সিরাজুল ইসলামের মেয়ে সুরাইয়া আক্তারকে উপহারসামগ্রী ও নগদ টাকা তুলে দেওয়া হয়।

দোকান চালিয়ে পড়ালেখা করা ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার অদম্য মেধাবী সুরাইয়া আক্তারের পাশে দাঁড়িয়েছে ছাত্রলীগ। বিভিন্ন মাধ্যমে সংবাদ প্রকাশের পর কেন্দ্রীয় ছাত্রলীগের পক্ষ থেকে সুরাইয়াকে তাৎক্ষণিক আর্থিক সহায়তা ও উপহারসামগ্রী দেওয়া হয়েছে। পাশাপাশি সুরাইয়ার পড়াশোনা চালিয়ে নেওয়ার জন্য সব ধরনের

সহযোগিতার আশ্বাস দিয়েছে ছাত্রসংগঠনটি।

গতকাল সোমবার সংবাদ মাধ্যমে ‘টাকার অভাবে সুরাইয়ার উচ্চশিক্ষার সব চেষ্টাই ব্যর্থ হওয়ার শঙ্কা’ শিরোনামে সংবাদ প্রকাশিত হয়। ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি আল নাহিয়ান খান খবরটি পড়ে সুরাইয়ার সঙ্গে যোগাযোগ করেন।

এরপর আজ মঙ্গলবার তিনি ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মো. সজিব হোসেন ও কর্মী অনিক হাসানের মাধ্যমে নগদ টাকা ও উপহারসামগ্রী পাঠান। তাঁরা দুপুরেই সুরাইয়াদের বাড়িতে হাজির হয়ে এগুলো তুলে দেন।

মুঠোফোনে ছাত্রলীগের সভাপতি আল নাহিয়ান খান বলেন, এখন থেকে সুরাইয়াকে সব ধরনের সহযোগিতা করবে ছাত্রলীগ। ছাত্রলীগ মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে। সংবাদপত্রে সুরাইয়ার খবরটি দেখে তাঁর পাশে থাকার সিদ্ধান্ত নিয়েছেন। এখন থেকে আর্থিক কষ্টের কারণে তাঁর পড়ালেখার কোনো সমস্যা হবে না, যা ইতিমধ্যে সুরাইয়াকেও জানিয়ে দেওয়া হয়েছে।

সুরাইয়া আক্তার (১৮) জীবনের সব পাবলিক পরীক্ষায় ভালো ফল করেছেন। কিন্তু শেষ সময়ে এসে আর্থিক কষ্টে সব কটি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার ফরম পূরণ করতে পারেননি। আবার যেখানে ফরম পূরণ করেছেন, সেখানে ভর্তির সুযোগ পেলেও চিন্তা, কীভাবে পড়ালেখা করবেন।

সুরাইয়া আক্তার জানান, বাবা সিরাজুল ইসলামের মৃত্যুর পর পড়ালেখা করা একেবারেই অসম্ভব হয়ে পড়েছিল। তখনই বাড়িতে একটি দোকান করেন। এখানে যা আয় হয়, তা দিয়ে সংসারের পাশাপাশি পড়ালেখা চলে।

ছাত্রলীগের সহযোগিতা পেয়ে খুশি সুরাইয়া আক্তার। তিনি বলেন, এবার চিন্তামুক্ত হয়ে ভালো করে পড়ালেখা করতে পারবেন। যাঁরা তাকে সহযোগিতা করছেন, তাঁদের সম্মান তিনি রক্ষা করতে পারবেন।

সুরাইয়া আক্তারের মা ছবুরা বেগম বলেন, তিনি মেয়েকে পড়াতে না পেরে বিয়ের জন্য চাপ দিচ্ছিলেন। কিন্তু মেয়ে আশা ছাড়েননি। অবশেষে তাঁর আশা পূরণ হতে যাচ্ছে।

ঝিনাইদহে ধান সংগ্রহের উদ্বোধন করলেন জেলা প্রশাসক

তাপস ঝিনাইদহ
ঝিনাইদহে কৃষকের এ্যাপসের মাধ্যমে নিবন্ধনকৃত বোরো ধান সংগ্রহ শুরু হয়েছে। মঙ্গলবার বিকেলে সদর খাদ্য গুদামে আনুষ্ঠানিক ভাবে এ কর্মসূচীর উদ্বোধন করা হয়। সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম শাহীন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মজিবর রহমান।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, জেলা খাদ্য নিয়ন্ত্রক সেখ আনোয়ারুল করীম, সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিম, শৈলকুপা উপজেলা কৃষি কর্মকর্তা আকরাম হোসেন, সদর খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা মজনুর রহমান, কৃষক লীগের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম, সদর উপজেলা কৃষক লীগের সভাপতি উজ্জল হোসেন, যুবলীগ নেতা রোকনুজ্জামান রিপন প্রমুখ।
জেলা খাদ্য নিয়ন্ত্রক শেখ আনোয়ারুল করীম জানান, চলতি মৌসুমে জেলার সদর, শৈলকুপা ও কালীগঞ্জ উপজেলায় কৃষকের এ্যাপসের মাধ্যমে ৬ হাজার ৫’শ ৮৮ মেট্টিকটন ধান ২৭ টাকা কেজি দরে কেনা হবে। এছাড়াও জেলায় মোট ধান সংগ্রহ করা হবে ১১ হাজার ৪’শ ৫৯ মেট্টিক টন। আগামী ১৬ আগস্ট পর্যন্ত চলবে এ ধান সংগ্রহ অভিযান।

ঝিনাইদহে পৌরবাসী ঘরে বসেই বিনামুল্যে অক্সিজেন সেবা পাবে

ঘরে বসেই বিনামুল্যে অক্সিজেন সেবা পাবেন ঝিনাইদহ পৌরসভার অসহায়, দরিদ্ররা। মঙ্গলবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়।

আয়োজকরা জানান, ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টুর সহযোগিতায় নবগঙ্গা রক্ষা পরিষদ ও ঝিনুকদহ ভাষা পরিষদ নামের ২ টি স্বেচ্ছাসেবী সংগঠন এ কর্মসূচী হাতে নিয়েছে। ঝিনাইদহ পৌরসভার

এলাকার অসহায় দরিদ্র মানুষ যারা করোনায় আক্রান্ত হয়েও হাসপাতালে যেতে পারছেন না। অর্থের অভাবে অক্সিজেন সিলিন্ডার কিনতে পারছেন তারা তারা হটলাইনের মাধ্যমে যোগাযোগ করলে বাড়িতে অক্সিজেন সিলিন্ডার পৌঁছে দেওয়া হবে। নবগঙ্গা রক্ষা পরিষদ ও ঝিনুকদহ ভাষা পরিষদ এবং পৌরসভা নিজস্ব পরিবহণ ব্যবস্থার মাধ্যমে তাদের বাড়িতে সিলিন্ডার পৌঁছে দিবেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ঝিনাইদহ পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, ঝিনুকদহ ভাষা পরিষদের সভাপতি গাউস গৌর্কী, সহ-সভাপতি সহকারী অধ্যাপক মতিউর রহমান, সাংগঠনিক সম্পাদক শিপন জোয়ার্দ্দার, নবগঙ্গা রক্ষা পরিষদের প্রধান উপদেষ্টা মাসুদ আহম্মেদ সঞ্জু, যুগ্ম আহ্বায়ক খান জাহান আলী, সদস্য রাশেদুল ইসলাম পরাগ,আহাদসহ অন্যান্যরা।

০১৭১২-৬০০৪৭১ (গাউস গোর্কী), ০১৭১২-৬১৭৯৮৮ (শিমুল), ০১৯৭২-১২০৮১২ (শিপন) ও ০১৮৮১-১৬০৫৯৯ (খান জাহান আলী) এই মোবাইল নম্বরে যোগাযোগ করলে অক্সিজেন সিলিন্ডার পাওয়া যাবে বলে আয়োজকরা জানিয়েছেন।

শৈলকুপার বিলে নারীর মৃতদেহ

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার একটি বিল থেকে রেখা রানী (৪২) নামে এক বিধবা নারীর লাশ উদ্ধার করেছে পুলিশ।
গতকাল সোমবার রাত সাড়ে ১০টার দিকে পুলিশ শৈলকুপার ত্রিপাকান্দি মলমলি গ্রামের একটি বিল থেকে ওই নারীর লাশ উদ্ধার করে। তার গলায় আঘাতের চিহ্ন রয়েছে।

নহত রেখা রানী দুধসর ইউনিয়নের মলমলি গ্রামের মৃত শশধর বিশ্বাসের স্ত্রী।
নিহত’র ছেলে অপুর্ব কুমার বিশ্বাস জানান, সোমবার বিকালে তিনি পার্শ্ববর্তী উমেদপুর ইউনিয়নের হালসাদাড়ি গ্রামে যান জমি লীজের টাকা আনতে। লীজের ১১ হাজার টাকা নিয়ে তার মা বিকালের দিকে বাড়ি ফিরছিলেন। হয়তো টাকার জন্য ছিনতাইকারীরা তার মাকে হত্যা করতে পারে।

প্রত্যক্ষদর্শী রফিকুল ইসলাম ঘটনাস্থল থেকে জানান, রেখা রানীর গলায় আঘাতের চিহ্ন ছিল। মুখে এবং গলায় রক্তের দাগ ছিল।

শৈলকুপা থানার এসআই শফিউল ইসলাম জানান, রেখা রানীর লাশ বিলের মধ্যে পড়ে ছিল। এটি হত্যাকাণ্ড কিনা তা তদন্তের পর জানা যাবে।